

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৯৩৬

আগরতলা, ২৩ ফেব্রুয়ারি, ২০২৪

স্বচ্ছ ভারত মিশন-গ্রামীণ

**পশ্চিম ত্রিপুরা জেলায় ২১৪টি কমিউনিটি কম্পোস্ট পিটস**

স্বচ্ছ ভারত মিশন-গ্রামীণ প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে পশ্চিম ত্রিপুরা জেলার গ্রামীণ এলাকার স্বাস্থ্যবিধি পরিষেবার সুবিধা সুনিশ্চিত করতে বিভিন্ন কর্মসূচি রূপায়িত হচ্ছে। জেলার ৯টি ব্লকের গ্রামপঞ্চায়েত ও এডিসি ভিলেজগুলিতে চলতি বছরে এজন্য ৪০ কোটি ৯ লক্ষ ৭৫ হাজার ৮৮৫ টাকা ব্যয় হবে। এই প্রকল্পে এখন পর্যন্ত জেলার গ্রামপঞ্চায়েত ও ভিলেজগুলিতে সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রকল্পে ২১৪টি কমিউনিটি কম্পোস্ট পিটস, ২টি কমিউনিটি বায়ুগ্যাস প্ল্যান্টের জন্য বর্জ্য পদার্থ সংগ্রহ কূপ খনন ও ৯৭টি বর্জ্যবস্তু সংগ্রহ শেড নির্মাণ করা হয়েছে। ৩১২টি বর্জ্যবস্তু সংগ্রহের গাড়ি এবং ৪২৭টি কমিউনিটি ডাস্টবিনও দেওয়া হয়েছে। গ্রে ওয়াটার ম্যানেজমেন্ট প্রকল্পে জেলার গ্রামপঞ্চায়েত ও ভিলেজগুলিতে ৬১৪টি বর্জ্য জল শোষক কূপ খনন, ৮০৭টি তরল বর্জ্য নিষ্কাশনের নালা খনন এবং ২৫টি কমিউনিটি গ্রে ওয়াটার ম্যানেজমেন্ট সিস্টেম চালু করা হয়েছে। পশ্চিম জেলা স্বচ্ছ ভারত মিশন বিভাগ থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*